

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 30/12/2025

Desk in Charge: Kalyan L.

Time: 1-30 PM

Compiling: Prabir B.

DEO: KB

NRT: Prabir B.

Announcement:- আকাশবাণী/ খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নীতি আয়োগের প্রখ্যাত অর্থনীতিবিদ এবং বিষয়বস্তু বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠক করবেন।

২। সুভাষ চন্দ্র বসুর অতুলনীয় সাহসে ১৯৪৩ সালের আজকের দিনে আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ ব্রিটিশ শাসন মুক্ত ভারতীয় ভূখণ্ড হওয়ায় স্মরণ করেছেন প্রধানমন্ত্রী।

৩। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে, বর্তমান চাহিদার কথা মাথায় রেখে এবং পূর্ববর্তী এম জি নারেগা প্রকল্পের ত্রুটিগুলো দূর করার জন্য সংসদ, বিকশিত ভারত- জি রাম জি বিলটি পাস করেছে।

৪। পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচন অনুপ্রবেশের বিরুদ্ধে মত দান করা হবে বলে বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন।

৫। ইতিহাসে প্রথম রাষ্ট্রসংঘের মহাসচিব আন্টোনিও গুতেরেস হিন্দি ভাষায় আগামী বছরের নববর্ষের বার্তা দিয়েছেন।

৬। বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও BNP দলনেত্রী খালেদা জিয়ার মৃত্যু তে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক প্রকাশ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নীতি আয়োগের প্রখ্যাত অর্থনীতিবিদ এবং বিষয়বস্তু বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠক করবেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এতে অংশ নেবেন। অর্থনৈতিক ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন সমস্যা নিয়ে বৈঠকে আলোচনা হবে। দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি এবং ভবিষ্যতের কর্মপন্থা নিয়ে বিশেষজ্ঞরা তাদের মতামত ভাগ করে নেবেন এই বৈঠকে। কেন্দ্রীয় বাজেটের আগে অর্থনীতিবিদরা তাদের বিভিন্ন পরামর্শ প্রধানমন্ত্রীকে জানাবেন। উন্নয়ন, অর্থনৈতিক স্থিতিাবস্থা, দেশের অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক অর্থনীতির ভবিষ্যৎ ইত্যাদি বিষয়ে কথা বলবেন তারা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্বাধীনতা সংগ্রামে নেতাজি সুভাষ চন্দ্র বসুর অবিস্মরণীয় অবদানের কথা স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে শ্রী মোদী বলেন, ১৯৪৩ সালের ৩০শে ডিসেম্বর নেতাজি অতুলনীয় সাহস ও বীরত্বের সঙ্গে পোর্ট ব্লেয়ারের জিম খানা মাঠে, বর্তমানে নেতাজি স্টেডিয়ামে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন করেছিলেন। ঐদিন নেতাজি সুভাষচন্দ্র বসু আন্দামান নিকোবর দ্বীপ পুঞ্জ কে ব্রিটিশ শাসন মুক্ত ভারতীয় ভূখণ্ড হিসেবে সগর্বে ঘোষণা করেন। এটিই কার্যত দেশের স্বাধীনতার সূচনা।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে, ইতিহাসের এই মুহূর্তটি সমগ্র জাতিকে মনে করিয়ে দেয় যে স্বাধীনতা কেবল আকাজক্ষার মাধ্যমে অর্জিত হয় না, বরং তা শক্তি, কঠোর পরিশ্রম, ন্যায়বিচার এবং সম্মিলিত সংকল্পের মাধ্যমে অর্জিত হয়।

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে, বর্তমান চাহিদার কথা মাথায় রেখে এবং পূর্ববর্তী এম জি নারেগা প্রকল্পের ত্রুটিগুলো দূর করার জন্য সংসদ বিকশিত ভারত - গ্যারান্টি ফর রোজগার এবং আ জীবিকা মিশন, গ্রামীণ-বিকশিত ভারত- জি রাম জি বিলটি পাস করেছে। তিনি আজ ভোপালে এক সাংবাদিক সম্মেলনে এই কথা বলেন।

প্রকল্পের নাম পরিবর্তনের বিষয়ে বিরোধীদের অভিযোগ প্রসঙ্গে মন্ত্রী বলেন, অতীতেও যখন বিরোধী দলগুলো ক্ষমতায় ছিল, তখনও কর্মসংস্থান সম্পর্কিত প্রকল্পগুলোর নাম বেশ কয়েকবার পরিবর্তন করা হয়েছে। শ্রী চৌহান বলেন, বিকশিত ভারত - গ্যারান্টি ফর রোজগার এবং আজীবিকা মিশন, গ্রামীণ- প্রকল্পটিকে আরও কার্যকর করার জন্য প্রধানমন্ত্রীর গতি শক্তি উদ্যোগের সঙ্গে যুক্ত করা হয়েছে। তিনি বলেন, এই মিশনে বেকার ভাতা প্রদানের জন্য একটি সুস্পষ্ট বিধান রয়েছে এবং আইনের অধীনে প্রয়োজনীয় আর্থিক সংস্থান নিশ্চিত করা হয়েছে।

(বাইট - শিবরাজ)

বিরোধীদের সমালোচনা করে মন্ত্রী বলেন, লোকসভায় এই বিলটি নিয়ে আট ঘণ্টারও বেশি সময় ধরে বিস্তারিত আলোচনা হয়েছিল, কিন্তু বিরোধী সাংসদরা তাঁর বক্তব্য শোনেননি এবং কেবল হটগোল করেছেন। তিনি বলেন, আলোচনার সময় সংসদের মর্যাদাকে ছিন্নভিন্ন করে দেওয়া হয়েছে। তিনি অভিযোগ করেন যে লোকসভার বিরোধী দলনেতা বিতর্ক থেকে অনুপস্থিত ছিলেন। মন্ত্রী বলেন, বিকশিত ভারত - গ্যারান্টি ফর রোজগার এবং আজীবিকা মিশন, গ্রামীণ- বিকশিত ভারত- জি রাম জি বিলটি আইনের বিরুদ্ধে পাঞ্জাব সরকার রাজ্য বিধানসভায় যে প্রস্তাব আনছে, তা দেশের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর পরিপন্থী।

(বাইট- শিবরাজ)

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচন অনুপ্রবেশের বিরুদ্ধে মত দান করা হবে বলে বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্যে আজ থেকে এপ্রিল মাস পর্যন্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। নির্বাচনের পর বর্তমানের অপশাসন, অনুপ্রবেশ এবং দুর্নীতির পরিবর্তে সুশাসন ও দরিদ্র কল্যাণের সরকার গড়ে উঠবে। তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের আমলে অপশাসন, অনুপ্রবেশ এবং দুর্নীতির ফলে মানুষ অতিষ্ঠ হয়ে

গেছে। যেসব রাজ্যে এনডিএ সরকার গড়ে উঠেছে সেখানে দরিদ্রদের কল্যাণে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে এবং এখানেও তাই হবে।

পাশাপাশি রাজ্যে এন ডি এ সরকার গড়ে উঠলে অনুপ্রবেশ রোখা এবং অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে তাদের ফেরত পাঠানো হবে। শ্রী শাহ জানান, মমতা ব্যানার্জির মদতেই এই রাজ্যে অনুপ্রবেশ হচ্ছে এবং তিনি বি এস এফের ওপরে দায় চাপাচ্ছেন ও সি এ এ-তে বাধা দিচ্ছেন। দেশে কোন সরকার এইভাবে অনুপ্রবেশকে সমর্থন করে না। সাম্প্রদায়িক তোষণ মুখ্যমন্ত্রীর কাছে নিয়মে পরিণত হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

(বাইট- অমিত শাহ)

শ্রী শাহ আরো জানান, রাজ্যে মমতা ব্যানার্জির নেতৃত্বে উন্নয়ন থমকে আছে। কেন্দ্রীয় প্রকল্প চালু করার ক্ষেত্রেও মুখ্যমন্ত্রী তার ভোট ব্যাংকের বিষয়ে চিন্তাভাবনা করেন। এছাড়া দুর্নীতি, তোলাবাজি, শিল্প চলে যাওয়া, মহিলাদের সুরক্ষার অভাব সহ বিভিন্ন বিষয় উল্লেখ করে শ্রী শাহ বলেন, রাজ্যের মানুষ আর চুপ করে থাকবে না। ২০২৬-এর নির্বাচনে মানুষের জবাব দেবে এবং বাংলায় বিজেপির সরকার গড়ে উঠবে।

সম্মেলনে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য সহ দলের বরিষ্ঠ নেতারা।

অমিত শাহ আজ প্রদেশ কোর কমিটির বৈঠকে যোগ দেবেন। আরএসএস-এর পদাধিকারীদের সঙ্গেও সাক্ষাতের কথা রয়েছে তাঁর।

আগামীকাল সাংসদ ও বিধায়কদের সঙ্গে বৈঠকের পর সায়েন্সসিটি অডিটোরিয়ামে বুথ স্তরের কর্মীদের সঙ্গে কথা বলবেন শ্রী শাহ। কলকাতায় ইস্কন মন্দিরেও যাবেন তিনি।

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী- SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে।

দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। রাজ্যে পৌঁছে প্রতিনিধি দলটি প্রথমে বেশ কয়েকটি শুনানি কেন্দ্র যাবে। পরে তাঁরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে বৈঠক করবেন। এরপর কলকাতা উত্তর ও দক্ষিণ, দুই ২৪ পরগণা, হাওড়া, হুগলী, পূর্ব ও পশ্চিম বর্ধমানের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাদের।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আয়োজিত ঐ বৈঠকে বহুতল আবাসনগুলিতে পৃথক ভোটকেন্দ্র তৈরির বিষয়ে আলোচনা হবে।

বিকেলে রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলবে কমিশনের প্রতিনিধি দল।

এই প্রথম রাষ্ট্রসভ্যের ইতিহাসে মহাসচিব আন্তোনিও গুটারেস হিন্দিতে ২০২৫ সালের নববর্ষের বার্তা প্রকাশ করেছেন। এর ফলে রাষ্ট্রসভ্য ভাষার পরিধি বিস্তারে ভারতের গুরুত্বপূর্ণ উদ্যোগ সফল হল। বিবৃতিতে তিনি গোটা বিশ্ব জুড়ে অনিশ্চয়তার প্রেক্ষাপটে বিশ্ব নেতাদের সামরিক খাতে খরচ কমিয়ে সাধারণ মানুষের উন্নয়নের স্বার্থে ব্যয় বৃদ্ধির আহ্বান জানিয়েছেন। দারিদ্রমুক্ত বিশ্বের আহ্বান জানিয়ে তিনি বলেন রাষ্ট্রসংঘ মানব সংহতি রক্ষায় দায়বদ্ধ এবং আসন্ন বছর শান্তি ও উন্নয়নের লক্ষ্যে বিশ্বের মানুষ পথ চলবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও BNP প্রধান খালেদা জিয়া প্রয়াত হয়েছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। বিএনপি'র তরফে জানানো হয়েছে, আজ ভোরে ঢাকার এক হাসপাতালে শেষ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। দু'বার

বাংলাদেশের প্রধানমন্ত্রিত্বের দায়িত্ব সামলেছেন তিনি।

দীর্ঘদিন ধরে ফুসফুস ও হৃদযন্ত্রের সমস্যায় ভুগছিলেন খালেদা জিয়া। এছাড়াও কিডনি, চোখেও সমস্যা ছিল তাঁর। ছিল ডায়াবেটিসও। গত ৩৬ দিন ধরে ঢাকার এক বেসরকারি হাসপাতালে তাঁর চিকিৎসা চলছিল। সম্প্রতি দেশে ফিরে গত রবিবার খালেদাকে হাসপাতালে দেখতে গিয়েছিলেন তাঁর বড় ছেলে তারিক রহমান।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী, বিএনপি নেত্রী খালেদা জিয়ার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে শ্রী মোদি, ২০১৫ সালে ঢাকায় তাঁর সঙ্গে সাক্ষাতের কথা স্মরণ করেন।

উত্তরাখণ্ডের আলমোড়া জেলার বিনায়ক এলাকায় আজ একটি বাস দুর্ঘটনায় ছয়জনের মৃত্যু হয়েছে। রাজ্য দুর্যোগ মোকাবিলা বাহিনী জানিয়েছে সাতের ১৮ জন যাত্রী নিয়ে বাসটি ভিকিয়াসাইন থেকে রামনগর যাচ্ছিল। আহতদের ভিকিয়াসাইনের সরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনার পর প্রশাসন ও উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছেছে। উদ্ধারকাজ চলছে।

মহিলাদের T-20 ক্রিকেটে পঞ্চম ম্যাচে আজ শ্রীলঙ্কার মুখোমুখি হবে ভারত। সন্ধ্যা ৭টায় তিরুবনন্তপুরমের গ্রীনফিল্ড স্টেডিয়ামে খেলা শুরু হবে।

হরমনপ্রীত কৌরের নেতৃত্বাধীন ভারতীয় দল পাঁচ ম্যাচের এই সিরিজে ইতিমধ্যেই ৪-০ পয়েন্টে এগিয়ে রয়েছে।
